

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
পার-২ শাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং- ৫৯.০০.০০০০.১১০.১১.০১৩.১৭-৬৪

তারিখ: ২২.০২.২০১৮ খ্রি:

প্রজ্ঞাপন


বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়-এর ২৭.০৮.২০১৭ খ্রি: তারিখের স্মারক নং-৮০.০০.০০০০.৩০১ (গোপনীয়).১১. ২১৮৯.১৭-৩১৪, শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ ও হাসপাতাল-এর পরিচালকের কার্যালয়ের ০৮.১০.২০১৭ খ্রি: তারিখের স্মারক নং-শসোমেকহা/প্রশা:/১৭/৩০০৭-এর মূলে স্বাস্থ্য পরীক্ষার উপযুক্ততার ভিত্তিতে এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের ২৫.০১.২০১৮ খ্রি: তারিখের ৫৮.০০.০০০০.০৩২.০৪.০১৬.১৭-৪২ সংখ্যক স্মারকে প্রাপ্ত প্রাক নিয়োগ জীবনবৃত্তান্ত যাচাই প্রতিবেদনে উপযুক্ততার প্রেক্ষিতে নিম্নে বর্ণিত ০১ (এক) জন প্রার্থীকে 'কারিকুলাম বিশেষজ্ঞ' পদে অস্থায়ী ভিত্তিতে জাতীয় বেতনস্কেল'২০১৫-এর ৪৩০০০-৬৯৮৫০/- টাকার বেতনক্রমে ৫ম গ্রেড অনুযায়ী অন্যান্য ভাতাদিসহ নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নিয়োগ প্রদান করা হ'ল :

| ক্রমিক নং | মেধাক্রম | রেজি: নং | নাম, পিতার নাম ও ঠিকানা   | নিজ জেলা   |
|-----------|----------|----------|---|------------|
| ১         | ২        | ৩        | ৪   | ৫          |
| ০১        | ০১       | ০০০০০২   | জনাব নারায়ন কুমার রায়, পিতা: নলিনী কান্ত রায়,<br>গ্রাম: পশ্চিম দেবতুর, ডাকঘর: সিংগার ডাবড়ী হাট,<br>উপজেলা: রাজার হাট, জেলা: কুড়িগ্রাম। | কুড়িগ্রাম |

শর্তাবলী:

- (১) সরকারি কর্মচারি (আচরণ) বিধিমালা' ১৯৭৯ নিয়োগপ্রাপ্ত কর্মকর্তার জন্য প্রযোজ্য হবে ;
- (২) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত ও ভবিষ্যতে প্রণীত বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে ;
- (৩) সরকারি কর্মচারি (আচরণ) বিধিমালা' ১৯৭৯-এর ১৩(১) উপ-বিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিরবণ সম্বলিত একটি ঘোষণাপত্র যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিপোর্ট-এ প্রেরণ করবেন ;
- (৪) যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অংশীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে ;
- (৫) চাকরিতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিন শত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজে বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না ;
- (৬) উল্লিখিত কর্মকর্তা-কে আগামী ১১.০৩.২০১৮ খ্রি: তারিখের মধ্যে আবশ্যিকভাবে সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের দপ্তরে (ভবন নং-৩, কক্ষ নং-৩১১) যোগদান করতে হবে। অন্যথায় এ নিয়োগাদেশ বাতিল বলে গণ্য হবে।
- (৭) এ চাকরিতে যোগদানের জন্য তিনি কোন প্রকার টি.এ/ডি.এ পাবেন না।

রাষ্ট্রপতির আদেশক্রমে



(ফৌজিয়া খান)

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৪০৬৪৫

নং- ৫৯.০০.০০০০.১১০.১১.০১৩.১৭-৬৪ (১৩)

তারিখ: ২২.০২.২০১৮ খ্রি:


অনুদ্বিগ্ন সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।

২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়/সিনিয়র সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়।

প্রস্তুত

- ৩। কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল বাংলাদেশ, ঢাকা।
- ৪। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
- ৫। মহাপরিচালক, নিপোর্ট, আজিমপুর, ঢাকা (নিয়োগপ্রাপ্ত ব্যক্তিকে অবহিত করার অনুরোধসহ)।
- ৬। পরিচালক (প্রশাসন), নিপোর্ট, আজিমপুর, ঢাকা।
- ৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা ( প্রজ্ঞাপনটি গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
- ১০। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ১১। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১২। জনাব নারায়ন কুমার রায়, পিতা: নলিনী কান্ত রায়, গ্রাম: পশ্চিম দেবত্তর, ডাকঘর: সিংগার ডাবড়ী হাট, উপজেলা: রাজার হাট, জেলা: কুড়িগ্রাম।
- ১৩। অফিস কপি।

  
(ফোজিয়া খান)

সিনিয়র সহকারী সচিব